




ঢাকা বিশ্ববিদ্যালয়  
নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক-এর শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিস হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে এবং কোনো উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ১৫ (পনের) বৎসরের প্রশাসনিক অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ছাত্র-শিক্ষকদের কল্যাণমূলক কাজে এবং তাঁহাদের মধ্যে সম্পর্ক উন্নয়নে উৎসাহী হইতে হইবে; বন্ধুসুলভ মনোভাবাপন্ন, সহজ, অভিগম্য ও সৃষ্টিধর্মী ব্যক্তিত্ব সম্পন্ন হইতে হইবে; কেন্দ্রের সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক অনুষ্ঠানাদির উন্নয়নে সক্ষম হইতে হইবে। শিক্ষা জীবনের কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৬-১২-২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

  
২৭/১২/১৯